Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-755**
বিষয়: **আত্মহত্যা নিরোধ/হস্তক্ষেপ**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **25 জুলাই 2024**

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 18 অগাস্ট, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-412-কে রহিত করে।
স্পষ্টতা ও সহজবোধ্যতার জন্য এই প্রবিধানের সার্বিক অনুক্রম পুনরায় সাজানো হয়েছে।
এই প্রবিধানের শেষে সংযুক্ত বিভিন্ন নথি ও তথ্য-উপকরণের স্থলে সেগুলোর হাইপারলিংক দেওয়া হয়েছে।
প্রবিধানটির বিষয়বস্তু নিম্নরূপে সংশোধন করা হয়েছে:

সেকশন I:

- আত্মহত্যা প্রতিরোধ সম্পর্কিত অতীত তথ্যসমূহ হালনাগাদ করে। (I.A.)
- যোগ করে যে আত্মহত্যা প্রতিরোধের লক্ষ্য হলো আত্মহত্যার লক্ষণ এবং বিভিন্ন উপাদান যা আত্মহত্যার আচরণ উস্কে দিতে পারে সেগুলির বিষয়ে স্কুল কমিউনিটিকে শিক্ষিত করা। (I.B.)
- ব্যখ্যা করে যে এই প্রবিধান স্কুলগুলির জন্য নির্দেশনা ও তথ্য-উপকরণ প্রদান করে যাতে তারা আত্মহত্যা সম্পর্কিত ধারণা, আত্মহত্যার চেষ্টা, অথবা সম্পর্কিত সংকটে সতর্কীকরণ ইঙ্গিত এবং যথাযথ সাড়াদানের বিষয়সমূহ বুঝতে পারে। (I.C.)
- স্পষ্ট করে যে শিক্ষার্থীর স্কুলে উপস্থিতি বা প্রত্যাবর্তনের বাড়তি শর্ত হিসেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রের (ক্লিয়ারেন্স লেটারের) জন্য অনুরোধ জানাতে বা তা বাধ্যতামূলক করতে পারবে না। (I.D.)

সেকশন II:

- একটি সংজ্ঞার সেকশন যোগ করে এবং প্রধান শব্দসমূহকে সংজ্ঞায়িত করে।

সেকশন III:

- স্কুল ক্রাইসিস (স্কুল সংকট) টিম-এ কারা অবশ্যই কাজ করবেন সে বিষয়ের নির্দেশনা হালনাগাদ করে, এর অন্তর্ভুক্ত হলো, স্কুল ক্রাইসিস টিমের সদস্যগণকে অবশ্যই স্কুলের পূর্ণকালীন কর্মী হতে হবে, এই শর্ত যুক্ত করা। (III.B.)
- আবশ্যিক করে যে প্রত্যেক প্রিন্সিপাল বাধ্যতামূলকভাবে একজন সুইসাইড প্রিভেনশন (আত্মহত্যা প্রতিরোধ) লিয়াজোঁ (SPL) নিয়োগ করবেন এবং SPL-এর ভূমিকা নির্দিষ্ট করবেন। (III.D.)
- স্কুল ক্রাইসিস টিমের দায়-দায়িত্ব হালনাগাদ করে। (III.E.)
- স্কুল স্কুল ক্রাইসিস টিমের মিটিং বিষয়ে শর্ত যোগ করে। (III.F.)

সেকশন IV:

- স্কুল ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান (স্কুলের সংকট হস্তক্ষেপ পরিকল্পনা) বিষয়ে বিস্তারিত যোগ করে। (IV.A–B.)
- স্কুল ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান-এর সাথে সম্পর্কিত বাড়তি আবশ্যিক বিষয়ের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-411-এ উল্লিখিত অভিসম্বন্ধ (ক্রস রেফারেন্স)-সমূহ দেখুন। (IV.D.)

- ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান-এর আত্মহত্যা নিরোধ/হস্তক্ষেপ সেকশনে আবশ্যিকভাবে যা যা থাকবে সেটির বিস্তারিত যোগ করে । (IV.E.)

সেকশন V:

- এই প্রবিধান সম্পর্কে বার্ষিক প্রশিক্ষণের সময় এবং শর্তাবলী ব্যাখ্যা করে। (V.A.1.)
- শর্ত যোগ করে যে, SPL-গণ প্রতি বছর আত্মহত্যা প্রতিরোধ লিয়াজোঁ প্রশিক্ষণ লাভ করুক। (V.A.2.)
- স্কুল ক্রাইসিস টিম সদস্যদের জন্য আবশ্যিক প্রশিক্ষণের বিবরণ দেয়। (V.A.3–4.)
- যেসব রিসোর্স পিতামাতা, পরিবার, এবং স্কুল কমিউনিটির জন্য লভ্য হবে সেগুলির বিস্তারিত ব্যাখ্যা দেয়। (V.B.1-3.)
- স্পষ্ট করে যে স্কুলগুলি অবশ্যই সকল শিক্ষার্থীকে স্বাস্থ্য শিক্ষা প্রদান করবে, যা বয়স উপযোগী হবে যার অন্তর্ভুক্ত মানসিক স্বাস্থ্য বিষয়ে শিক্ষানির্দেশনা। (V.B.4.)

সেকশন VI:

- যখনই স্কুলের ব্যক্তিবর্গ জানেন অথবা কোনো শিক্ষার্থী সম্পর্কে অবিহত হন যে সে আত্মহত্যার ঝুঁকিতে আছে, তখন যেসব পদক্ষেপ অবশ্যই গ্রহণ করতে হবে সেগুলিকে হালনাগাদ করে। (VI.C.)
- যথন স্কুল কর্তৃপক্ষ অবগত হন যে, স্কুল প্রাঙ্গণে একটি আত্মহত্যার চেষ্টা চলছে তখন যেসব পদক্ষেপ অবশ্যই গ্রহণ করতে হবে সেগুলি হালনাগাদ করে। (VI.D.)

সেকশন VII:

- কমিউনিটিতে কোনো আত্মহত্যা সংঘটিত হওয়ার পর বা ক্ষতিগ্রস্ত কমিউনিটির জন্য হস্তক্ষেপ পরবর্তী গ্রহণীয় পদক্ষেপগুলির ব্যাখ্যা যোগ করে।

সেকশন VIII:

- স্কুল কমিউনিটিতে যখনই আত্মহত্যা বা আত্মহত্যার চেষ্টা বা প্রভাব বিস্তারকারী ঘটনা ঘটে, তখন প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তির প্রতি বাধ্যতামূলকভাবে ইমারজেন্সি ইনফরমেশন সেন্টারে (EIC) যোগাযোগ করার শর্ত যোগ করে। (VIII.A.1.)
- একটা অনলাইন অকারেন্স রিপোর্ট (প্রতিবেদন, VIII.B.) পূরণের শর্ত স্পষ্ট করে।

সেকশন IX:

- টেকনিক্যাল সহায়তার জন্য যোগাযোগের তথ্য হালনাগাদ করে।

সেকশন X:

- অনুসন্ধানের জন্য যোগাযোগের তথ্য হালনাগাদ করে।

নম্বর: **A-755**
বিষয়: **আত্মহত্যা প্রতিরোধ/হস্তক্ষেপ**
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: **25 জুলাই 2024**


**সারসংক্ষেপ**

এই প্রবিধান 18 অগাস্ট, 2011 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-755 কে রহিত করে এবং এর স্থলাভিষিক্ত হয়। এই প্রবিধান আশঙ্কাকৃত অথবা প্রকৃত আত্মহত্যার আচরণ মোকাবেলায় স্কুলের ভূমিকার উপর আলোকপাত করে এবং প্রতিটি স্কুলকে একটি স্কুল ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান (স্কুল সংকট হস্তক্ষেপ পরিকল্পনা) তৈরিতে সহায়তা দিতে গাইডলাইন প্রদান করে। এটি প্রত্যেক স্কুল কর্মী সদস্যের দায়িত্ব যেকোনো আশঙ্কাকৃত আত্মহত্যার খবর প্রিন্সিপাল অথবা তার দায়িত্বে নিযুক্ত লিয়াজোঁর কাছে রিপোর্ট করা এমন কি যদি শিক্ষার্থী তথ্যটি গোপন রাখার অনুরোধও জানায়। শুধু প্রশিক্ষিত মানসিক স্বাস্থ্য কর্মী যেমন গাইডেন্স কাউন্সেলর, সাইকোলজিস্ট, সোশ্যাল ওয়র্কার, এবং সাইকায়াট্রিস্ট যথাযথ কাউন্সেলিং পরিষেবা প্রদান করতে পারেন। স্কুল ক্রাইসিস টিম অবশ্যই আত্মহত্যা প্রতিরোধ লিয়াজোঁ ("SPL") পদে একজনকে অন্তর্ভুক্ত করবেন।.


## I. পরিচিতি

A. কিছু শিক্ষার্থী যারা আত্মহত্যার চিন্তাভাবনায় নিমজ্জিত, তারা অন্যদেরকে স্পষ্ট এবং সরাসরি জানায় যে তাদের সহায়তা দরকার। যদিও আত্মহত্যা সম্পর্কিত অধিকাংশ যোগাযোগ হয় কম সরাসরি ও কম স্পষ্ট। যেসব শিক্ষার্থী আত্মহত্যার কথা ভাবে, তারা সচেতন বা অচেতনভাবে, অনেক সময় সূত্র এবং লক্ষণ প্রদর্শন করে যে শিক্ষার্থীটি সমস্যাগ্রস্থ এবং তার শীঘ্র আত্মহত্যাজনিত আচরণে সংশ্লিষ্ট হবার ঝুঁকি থাকতে পারে। যদিও ইঙ্গিতবাহী লক্ষণ প্রকৃতভাবেই বোঝায় না যে একজন শিক্ষার্থী আত্মহত্যার চেষ্টা করতে যাচ্ছে, কিন্তু সেটি একটি দ্রুত ব্যবস্থা গ্রহণের ইঙ্গিত দেয় এবং বিষয়টিকে অবশ্যই গুরুত্বের সাথে নিতে হবে। অতএব, এটি গুরুত্বপূর্ণ যে সকল স্কুল কর্মী (শিক্ষা-সম্পৃক্ত এবং শিক্ষা-সম্পৃক্ত নয় এমন) এসব ইঙ্গিতবাহী লক্ষণ চিনেন এবং কীভাবে যথাযথভবে পরবর্তী পদক্ষেপ নিতে হয়, সেটি বুঝেন।

B. শিক্ষার মাধ্যমে আত্মহত্যা প্রতিরোধের লক্ষ্য হলো স্কুল কমিউনিটিকে (শিক্ষা-সম্পৃক্ত, শিক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন, পিতামাতা, শিক্ষার্থীগণ ইত্যাদি) সতর্ক ইঙ্গিতসমূহের বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা, অথবা ঐসব উপাদান যা আত্মহত্যাজনিত আচরণে প্ররোচিত করে, এবং উপযুক্ত প্রতিরোধ/হস্তক্ষেপ পরিষেবা প্রদান করে। ইঙ্গিতবাহী লক্ষণ এবং চিহ্নসমূহ অবশ্যই অন্য উপাদান ও ভিন্ন ভিন্ন ব্যক্তির ক্ষেত্রে সাবধানতার সাথে ব্যাখ্যা করতে হবে। DOE-এর ক্রাইসিস সাপোর্ট ওয়েবসাইট (সংকটকালে সহায়তা বিষয়ক ওয়েবসাইট)-এ রিভিন্ন তথ্য-উপকরণ লভ্য রয়েছে।

C. এই প্রবিধান স্কুলগুলির জন্য নির্দেশনা ও তথ্য-ওপকরণ প্রদান করে যাতে তারা আত্মহত্যা সম্পর্কিত ধারণা, আত্মহত্যার চেষ্টা, অথবা সম্পর্কিত সংকটে সতর্কীকরণ ইঙ্গিত এবং যথাযথ সাড়াদানের বিষয়সমূহ বুঝতে পারে।

D. শিক্ষার্থীর স্কুলে বা ক্লাসে উপস্থিতি বা প্রত্যাবর্তনের শর্ত হিসেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রের (ক্লিয়ারেন্স লেটারের) জন্য অনুরোধ বা তা বাড়তি বাধ্যতামূলক শর্ত হিসেবে আরোপ করতে পারবে না।

II. সংজ্ঞাসমূহ

এই প্রবিধানের উদ্দেশ্যে এবং আত্মহত্যা প্রতিরোধ এবং মধ্যস্থতার আলোচনায়, নিচে উল্লিখিত সংজ্ঞাসমূহ প্রযোজ্য।

A. *ঝুঁকি-যুক্ত:* শিক্ষার্থীদের আত্মহত্যার ঝুঁকি একটি পরিসরে বিভিন্ন স্তরে বিস্তৃত। স্কুল এবং ডিস্ট্রিক্ট কর্তৃক প্রতিটি ঝুঁকির স্তরে ভিন্ন ভিন্ন পদক্ষেপ গ্রহণ করা এবং হস্তক্ষেপ করা আবশ্যিক।

B. *পিতামাতা:* যেমনভাবে চ্যান্সেলরের প্রবিধান A-101-এ বর্ণিত আছে, সেই অর্থেই বোঝাতে হবে, এই প্রবিধানের প্রাসঙ্গিকতায় এর ব্যতিক্রম হবে, শিক্ষার্থী 18 বছর বয়সের হলেও পিতামাতাকে জানানো অথবা অন্তর্ভুক্ত রাখা অব্যাহত থাকবে। এই প্রবিধানে যখনই "পিতামাতা" শব্দটি ব্যবহৃত হয়েছে, তখন এর অর্থ হচ্ছে শিক্ষার্থীর পিতামাতা অথবা যে কোনো ব্যক্তি বা কর্তৃপক্ষ বা শিক্ষার্থীর সাথে পিতৃমাতৃ বা হেফাজতকারী হিসেবে পিতামাতা কর্তৃক নির্ধারিত ব্যক্তি যিনি *পিতামাতার স্থলাভিষিক্ত* হবেন।

C. *ঝুঁকি মূল্যায়ন:* এর অর্থ আত্মহত্যার ঝুঁকির মুখোমুখী থাকতে পারে যে শিক্ষার্থী, তাকে মূল্যায়ন। ঝুঁকির মূল্যায়ন পরিচালিত হয় সুইসাইড প্রিভেনশন লিয়াজোঁ (আত্মহত্যা প্রতিরোধ সমন্বয়কারী), স্কুল ক্রাইসিস টিমের অপর এক সদস্য, স্কুলের মানসিক স্বাস্থ্য ক্লিনিকের একজন প্রশিক্ষিত কর্মী, কমিউনিটি-ভিত্তিক সংগঠনের একজন প্রশিক্ষিত সদস্য, অথবা দায়িত্বপ্রাপ্ত একজন স্কুল সদস্য (যেমন, স্কুল সাইকোলজিস্ট, স্কুল সোশ্যাল ওয়ার্কার, স্কুল কাউন্সেলর, অথবা কিছু ক্ষেত্রে, প্রশিক্ষিত স্কুল প্রশাসক) কর্তৃক। এই মূল্যায়নটি তৈরি হয় শিক্ষার্থীটির আত্মহত্যা করে মৃত্যুর ইচ্ছা, পূর্বের আত্মহত্যার চেষ্টার ইতিহাস, কোনো একটি আত্মহত্যা পরিকল্পনার উপস্থিতি এবং তার তীব্রতার স্তর এবং সেটি কতটা লভ্য ছিলো, সহায়তা সিস্টেমের প্রাপ্যতা, আশাহীনতা ও সহায়তা প্রাপ্তির স্তর, মানসিক অবস্থা, এবং অন্য প্রাসঙ্গিক ঝুঁকিবহুল উপাদানসমূহ সম্পর্কিত তথ্য বের করে আনার উদ্দেশ্যে।

D. *আত্মহত্যাজনিত চিন্তা:* এটি দিয়ে বোঝায় স্ব-আঘাতজনিত আচরণ সম্পর্কিত চিন্তা, বিবেচনা, অথবা পরিকল্পনা যার ফলে মৃত্যু ঘটতে পারে। পরিকল্পনা ছাড়া মরে যাওয়ার আকাঙ্ক্ষা কিংবা কারও নিজের জীবনাবসানের ইচ্ছা আত্মহত্যার ইচ্ছা বলে বিবেচিত এবং এটিকে অবশ্যই গুরুত্বের সাথে নিতে হবে।

E. *আত্মহত্যাপ্রবণ আচরণ:* এটা বুঝায় আত্মহত্যার চেষ্টা, নিজেকে আহত করার সাথে সম্পর্কিত ইচ্ছার কিছু স্তর, আত্মহত্যার জন্য কোনো পরিকল্পনা বা কৌশল তৈরি, একটি আত্মহত্যার পরিকল্পনার সহায়-সংস্থান সংগ্রহ, অথবা যেকোনো অন্য প্রকাশ্য পদক্ষেপ অথবা চিন্তা যা জীবনাবসানের ইচ্ছার ইঙ্গিত দেয়।

F. *আত্মহত্যার চেষ্টা:* নিজেকে আহত করার আচরণ বোঝায় যার জন্য প্রমাণ থাকে যে ব্যক্তিটির মৃত্যুর জন্য ন্যূনতম কিছু ইচ্ছা ছিলো।

G. *আত্মহত্যা:* বুঝায় স্ব-নির্দেশিত আঘাত প্রাপ্তির আচরণ দ্বারা মৃত্যুকে বোঝায়, যাতে আচরণের কারণে মৃত্যুবরণে ইচ্ছা থাকে।

## III. স্কুল ক্রাইসিস টিম

A. ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের প্রকাশিত মানসিক চাহিদা পূরণে দ্রুত এবং সমন্বিত পদক্ষেপ গ্রহণের জন্য কার্যকর সংকট নিরসনের আহ্বান, যোগাযোগের স্পষ্ট ধারা, এবং অংশীদারিত্ব প্রতিষ্ঠা।

B. প্রতিটি স্কুলে প্রিন্সিপালকে অবশ্যই একট স্কুল ক্রাইসিস ইনটারভেনশন টিম (সংকট হস্তক্ষেপ টিম) প্রতিষ্ঠা করতে হবে ("ক্রাইসিস টিম")। ক্রাইসিস টিম একটি বহুমুখী-শৃঙ্খলার টিম। টিম সদস্যদেরকে স্কুলে অবশ্যই পূর্ণ-কালীন হতে হবে এবং অবশ্যই টিমে থাকবেন, ন্যূনতম একজন স্কুল প্রশাসক, স্কুল কাউন্সেলর(গণ) এবং/অথবা সোশ্যাল ওয়ার্কার(বৃন্দ), শিক্ষক(গণ), মাদকদ্রব্য প্রতিরোধ এবং হস্তক্ষেপ বিশেষজ্ঞ(গণ)-যা (SAPIS হিসেবেও পরিচিত), স্কুল নার্স(গণ) এবং/অথবা স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্যসেবা প্রদানকারী-(SBMHP) যদি এইসব পদের লোক স্কুলে থাকেন।

C. ক্রাইসিস টিম-এ অবশ্যই একজন সংকট টিম লিডার এবং একজন সুইসাইড প্রিভেনশন লিয়াজোঁ (আত্মহত্যা নিরোধ লিয়াজোঁ, SPL) থাকবেন, এবং অন্যান্য পদের ভূমিকাসমূহ সমন্বিত পরিকল্পনায় বর্ণিত আছে। ক্রাইসিস টিম লিডার ছাড়া এক ব্যক্তি বহু ভূমিকা পালন করতে পারেন। ক্রাইসিস টিমের কোনো সদস্য যদি স্কুল ত্যাগ করেন অথবা দায়িত্ব পালনে অক্ষম হন, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি একজনকে তার স্থলাভিষিক্ত সদস্য করবেন।

D. এটি পরামর্শকৃত যে SPL হিসেবে দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি হবেন একজন স্কুল কাউন্সেলর, স্কুল সোশ্যাল ওয়ার্কার, অথবা গাইডেন্স কাউন্সেলর। যদি স্কুলটির এইসব পদধারী কোনো ব্যক্তি না থাকেন, সেক্ষেত্রে SPL হিসেবে যে ব্যক্তি নির্ধারিত হবেন তিনি অবশ্যই এমন একজন ব্যক্তি হবেন যিনি স্কুলে পূর্ণকালীন কাজ করেন। SPL কাজ করেন আত্মহত্যা নিরোধ এবং হস্তক্ষেপ বিষয়ক যোগাযোগের ব্যক্তি হিসেবে। SPL অবশ্যই আত্মহত্যার ঝুঁকি মূল্যায়ন এবং আত্মহত্যা নিরোধ/হস্তক্ষেপ নিয়ম-নীতি বিষয়ে প্রশিক্ষিত হবেন। যদি কোনো পরিস্থিতিতে SHP লিঁয়াজো দীর্ঘ সময়ের জন্য স্কুলে তার দায়িত্ব পালনে ব্যর্থ হন, প্রিন্সিপ্যাল অবশ্যই SHP লিঁয়াজো ফিরে আসা পর্যন্ত অন্য একজন ব্যক্তিকে অন্তর্বর্তী সময়ের জন্য দায়িত্ব দেবেন। যদি SPL পদ শুন্য হয়, একজন নতুন SPL-কে অবশ্যই নিয়োগ দান করতে হবে।

E. ক্রাইসিস টিমের প্রাথমিক দায়িত্বসমূহের মধ্যে আছে: সংকটকালে ও পরে শিক্ষার্থী, কর্মী, এবং স্কুল কমিউনিটির মানসিক চাহিদা মূল্যায়ন এবং সমাধান; ক্ষতিগ্রস্তদের জন্য সহায়তা এবং হস্তক্ষেপের সুবিধা প্রদান; নিরসন সহায়তা প্রদান; শেখার পরিবেশ পুনরুদ্ধারকে প্রসারিত করা; শিক্ষার্থী, কর্মী, এবং পিতামাতাদের (যেমন হাসপাতাল, চলমান সংকট টিম, মানসিক স্বাস্থ্যবিষয়ক এজেন্সিসমূহ, কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBOs), স্কুল ভিত্তিক মানসিক স্বাস্থ্য ক্লিনিক, সংকট নিরসনে প্রশিক্ষিত ব্যক্তিবর্গ, জরুরি/এক-দিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ; প্রতিরোধ কৌশল তৈরি এবং বাস্তবায়ন; এবং পেশাগত উন্নয়ন সহজীকরণ এবং প্রদান করা।

F. স্কুল ক্রাইসিস টিম চাহিদা মূল্যায়নে কমপক্ষে মাসে একবার মিলিত হবে যেখানে কোনো সংকটের চলমান সমাধানে অব্যাহত সহায়তার জন্য প্রয়োজনীয় মূল্যায়নে প্রস্তুতি, প্রক্রিয়া পর্যালোচনা, সহায়-সঙ্গতি, এবং প্রশিক্ষণ মূল্যায়ন করা হয়। এইসব মিটিংয়ের একটি আলোচ্যসূচি এবং উপস্থিতি ফাইলে অবশ্যই সংরক্ষিত থাকবে।

## IV. ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যানস্

A. প্রতিটি স্কুলের ক্রাইসিস টিম কনসলিডেটেড স্কুল (সংহত স্কুল) এবং ইয়ুথ ডেভেলপমেন্ট প্ল্যান (যুব উন্নয়ন পরিকল্পনা)-এর অংশ হিসেবে অবশ্যই একটি ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যানস্ (সংকট হস্তক্ষেপ পরিকল্পনা) তৈরি করবে। ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যানগুলির একাধিক বিভাগ রয়েছে, এর অন্তর্ভুক্ত নিচে বর্ণিত বিভাগসমূহ ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান অবশ্যই প্রয়োজন অনুযায়ী বার্ষিকভাবে পর্যালোচনা এবং হালনাগাদকরণ হবে। পরিকল্পনাসমূহ অবশ্যই সকল শিক্ষার সাথে সম্পৃক্ত এবং যারা শিক্ষার সাথে সম্পৃক্ত নয় তাদের সাথে প্রতি বছর 31 অক্টোবরের মধ্যে সম্পূর্ণ এবং শেয়ার করতে হবে।

B. স্কুল ক্রাইসিস প্ল্যান আবশ্যিক উপাদানের উপর বিস্তারিতের জন্য চ্যান্সেলেরর প্রবিধান A-411 দেখুন। প্রতিটি ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান-এর কোনো একটি সংকট/আঘাত প্রদানকারী ঘটনা মোকাবেলার জন্য প্রক্রিয়া; কোনো সংকটে শিক্ষার্থী, কর্মী, এবং পিতামাতাদের জানানর জন্য অবহিতকরণ প্রক্রিয়া; কোনো সংকটে ক্ষতিগ্রস্থদের ক্রমবর্ধমান আবেগজনিত চাহিদা পূরণের জন্য পেশাগত উন্নয়ন পরিকল্পনাসমূহ; কমিউনিটির সহায়-সঙ্গতি ও অংশীদারত্ব থাকতে হবে।

C. প্রতিটি ক্রাইসিস ইন্টারভেনশন প্ল্যান-এ অবশ্যই একটি বিভাগ অন্তর্ভুক্ত থাকবে যেটি হবে আত্মহত্যা নিরোধ/মধ্যস্থতা পরিকল্পনা বিশিষ্ট, যা স্কুলটি আত্মহত্যা-সম্পর্কিত আচরণ প্রদর্শনকারী শিক্ষার্থীদের হস্তক্ষেপ এবং সহায়তা পরিষেবা প্রদান করতে পদক্ষেপসমূহ প্রতিষ্ঠা করে। পরিকল্পনাটিকে অবশ্যই:

1. শিক্ষার্থী এবং স্কুল কমিউনিটিতে লভ্য স্কুলের ও কমিউনিটির সহায়সঙ্গতি (যেমন, মেন্টাল হেলথ ক্লিনিক, মোবাইল ক্রাইসিস টিম, জরুরি/একই দিনে মানসিক স্বাস্থ্য মূল্যায়ন চিহ্নিত করে এমন ফ্যাসিলিটি) চিহ্নিত করবে।

2. আত্মহত্যা নিরোধ এবং হস্তক্ষেপ বিষয় জুড়ে একটি পেশাগত উন্নয়ন পরিকল্পনা চিহ্নিত করবে।

3. প্রতিরোধ-শিক্ষা/হস্তক্ষেপ, হস্তক্ষেপ পরবর্তী (পদক্ষেপ), আত্মহত্যার পরে একটি সংগঠনিক তাৎক্ষণিক স্বল্প এবং দীর্ঘ মেয়াদি সাড়াদানের পদক্ষেপ ও কর্মকাণ্ডের ব্যবস্থা করবে।

4. পরিকল্পনাটি বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মীদের নাম এবং তাদের নিজেদের ভূমিকা ও দায়িত্ব অন্তর্ভুক্ত করবে।

## V. পেশাগত উন্নয়ন এবং সহায়-সঙ্গতি

A. কর্মীদের পেশাগত উন্নয়ন

1. এই প্রবিধান নিয়ে DOE স্কুল কর্মীদেরকে (শিক্ষাবিষয়ক এবং শিক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন) বার্ষিক প্রশিক্ষণ প্রদান করবে, এর মধ্যে থাকবে মৌলিক আত্মহত্যা সচেতনতা, স্কুলের আত্মহত্যা নিরোধ পরিকল্পনা, আত্মহত্যাজনিত ঝুঁকির বিষয়সমূহ, ঝুঁকি গ্রহণ আচরণ, শনাক্তযোগ্য লক্ষণসমূহ, রেফারাল প্রক্রিয়া, পরবর্তী পদক্ষেপের কৌশল, এবং আশঙ্কাযুক্ত আত্মহত্যা চেষ্টাকারী শিক্ষার্থীর বিশেষ চাহিদার প্রতি কর্মী সংবেদনশীলতা। এই প্রশিক্ষণ অবশ্যই প্রতি স্কুল বছরের 31 অক্টোবরের মধ্যে সম্পূর্ণ করতে হবে। সংকট-সম্পর্কিত অপর প্রশিক্ষণের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-411 দেখুন। আত্মহত্যা সচেতনতা সম্পর্কে বাড়তি সামগ্রী পাওয়া যাবে DOE-এর ওয়েবসাইট সংকট সহায়তা-তে।

2. SPL-গণ অবশ্যই বার্ষিক আত্মহত্যা নিরোধ লিয়াজোঁ ট্রেনিং লাভ করবেন যা ঝুঁকি মূল্যায়ন, সংকটে হস্তক্ষেপ, এবং DOE-এর নোটিফিকেশন এবং রিপোর্টিং নিয়ম-নীতিকে বিবেচনায় রাখে। যদি স্কুল বছর চলাকালে SPL পরিবর্তিত হয়, একজন নতুন SPL-কে অবশ্যই 30 দিনের মধ্যে নিয়োগ এবং প্রশিক্ষণ দিতে হবে।

3. ক্রাইসিস টিম সদস্যগণ অবশ্যই হস্তক্ষেপ প্রক্রিয়ার উপরে প্রশিক্ষণ লাভ করবেন, এর অন্তর্ভুক্ত আত্মহত্যার ঝুঁকি যাচাই মূল্যায়ন, আত্মহত্যার ঝুঁকির জন্য ব্যক্তিক সুরক্ষা পরিকল্পনা, পিতামাতাকে অবহিতকরণ, আত্মহত্যার ঝুঁকির সাথে সম্পর্কিত স্কুল প্রক্রিয়ায় ফিরে যাওয়া। স্কুল কাউন্সেলরগণ, সোশ্যাল ওয়ার্কারবৃন্দ, এবং স্কুল সাইকোলজিস্টরাও এই প্রশিক্ষণ লাভ করবেন।

4. সংকট টিম সদস্যগণ অবশ্যই সংকট সম্পর্কিত বিষয়গুলির উপর চলমান পেশাগত উন্নয়নও লাভ করবেন এর অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়, ভালো-থাকা বিষয়ে উন্নতি; আত্মহত্যা সচেতনতা; নিরোধ এবং পোস্টভেনশন (আত্মহত্যা-পরবর্তী স্বল্প ও দীর্ঘ ব্যবস্থা); মৃত্যুতে মানসিক আঘাত, ক্ষতি এবং শোকে স্কুলের প্রতিক্রিয়া; এবং আচরণগত সংকট নিরসন। ক্রাইসিস টিমের সদস্যদের জন্য বাড়তি প্রশিক্ষণের বিষয়বস্তু সম্পর্কে জানতে চ্যান্সেলরের প্রবিধান A-411 দেখুন।

B. আত্মহত্যা নিরোধে পোস্টার

1. প্রতিটি স্কুলকে অবশ্যই শিক্ষার্থী, পিতামাতা এবং কর্মচারীরা দেখতে পান এমন সর্বোচ্চ দৃষ্টিগ্রাহ্য স্থানে "আত্মহত্যা নিরোধ" এই মর্মে পোস্টার পোস্ট করতে হবে। পোস্টারে অবশ্যই SPL লিয়াজোঁর(গণের) নাম থাকতে হবে। স্কুলগুলোকে সর্বোচ্চ প্রচেষ্টা নিয়োগ করতে হবে যাতে এই তথ্য শিক্ষা বছরে যত তাড়াতাড়ি সম্ভব সেঁটে দেওয়া যায়।

C. বাড়তি শিক্ষা এবং সহায়-সংস্থান

1. DOE তার ওয়েবসাইটে তরুণদের বিভিন্ন বিষয়পোস্ট করবে আত্মহত্যা,তার সতর্কীকরণ লক্ষণ, ঝুঁকিতে থাকা শিক্ষার্থীর জন্য কী করতে হবে, এবং স্কুল ও কমিউনিটিতে কীভাবে বাড়তি সহায়তাদানের সুবিধা প্রদান করতে হবে, ইত্যাদি।

2. SPL-বৃন্দ অবশ্যই নিশ্চিত করবেন যাতে ক্রাইসিস টিম সদস্যদের তালিকা এবং হস্তক্ষেপ প্রক্রিয়াসমূহ সুস্পষ্টভাবে পোস্ট করা হয়।

3. শিক্ষার্থীর শিক্ষা: স্কুলগুলি অবশ্যই সকল শিক্ষার্থীকে মানসিক স্বাস্থ্য বিষয়ে শিক্ষানির্দেশনাসহ বয়স উপযোগী স্বাস্থ্য শিক্ষা প্রদান করবে।

## VI. হস্তক্ষেপ প্রক্রিয়াসমূহ

A. এটি প্রত্যেক স্কুল কর্মী সদস্যের দায়িত্ব যেকোনো সম্ভাব্য আত্মহত্যার চিন্তা, আত্মহত্যার চেষ্টার খবর প্রিন্সিপাল অথবা তার দায়িত্বে নিযুক্ত লিয়াজোঁর কাছে রিপোর্ট করা এমন কি যদি শিক্ষার্থী তথ্যটি গোপন রাখার অনুরোধও জানায়।

B. শিক্ষার্থীর স্কুলে বা ক্লাসে উপস্থিতি বা প্রত্যাবর্তনের শর্ত হিসেবে স্কুল মানসিক সুস্থতার ছাড়পত্রের (ক্লিয়ারেন্স লেটারের) জন্য অনুরোধ বা তা বাড়তি বাধ্যতামূলক শর্ত হিসেবে আরোপ করতে পারবে না।

C. আত্মহত্যাজনিত চিন্তা:

1. যখনই কোনো স্কুল ব্যক্তি একজন শিক্ষার্থী সম্পর্কে জানতে পারেন অথবা খবর পান যে, সে আত্মহত্যার ঝুঁকিতে থাকতে পারে, সেক্ষেত্রে দ্রুত নিচে উল্লিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

a) শিক্ষার্থীটিকে অবশ্যই অব্যাহতভাবে তার সুরক্ষা নিশ্চিত করতে তত্ত্বাবধানে রাখতে হবে।

b) স্টাফ সদস্য অবশ্যই প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবহিত করবেন।

c) প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই SPL, অথবা সংকট টিমের অন্য সদস্য যাদের আত্মহত্যা নিরোধ বিষয়ে প্রশিক্ষণ রয়েছে, তাদেরকে দ্রুত জানাবেন; এর পরেপরেই পিতামাতাকে জানাবেন যে তাদের সন্তান আত্মহত্যার ঝুঁকিতে আছে বলে শনাক্ত হয়েছে। শিক্ষার্থী প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে এমন নিরাপত্তা উদ্বেগের বিষয়ে পিতামাতাকে অবহিতকরণের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করলে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর জন্য যথাযথ সহায়তা এবং গোপনীয়তা ও নিরাপত্তা বিবেচনা করে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কীভাবে সংবেদনশীলভাবে অবহিত করবেন, সেটা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।

d) SPL/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই একটি ঝুঁকি মূল্যায়ন পরিচালনা করতে হবে।

2. হস্তক্ষেপ:

a) শিক্ষার্থীটিকে অবশ্যই ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে যথাযথ দ্রুত সহায়তা প্রদান এবং হস্তক্ষেপ ব্যবস্থা দিতে হবে।

b) শিক্ষার্থীর স্কুলে ফেরার এক স্কুল দিবসের মধ্যে, ক্রাইসিস টিমের প্রাসঙ্গিক সদস্যদের সাথে SPL, স্কুল কর্মী এবং শিক্ষার্থীটি (যেখানে প্রযোজ্য), সেই শিক্ষার্থীর জন্য একটি সহায়তা এবং সুরক্ষা পরিকল্পনা প্রস্তুত করবে। অন্য জিনিসের সাথে ঝুঁকি মূল্যায়ন তথ্য ব্যবহার করে সহায়তা এবং সুরক্ষা পরিকল্পনা তৈরি করা হবে। যদি শিক্ষার্থী স্কুলে অনুপস্থিত থাকে, পরিকল্পনা তৈরি এবং/অথবা সম্পন্ন করার বিষয়টি শিক্ষার্থীটি ফিরে না আসা পর্যন্ত স্থগিত রাখতে হবে। পরিকল্পনায় অন্তর্ভুক্ত হতে পারে:

i. শিক্ষার্থী এবং পরিবারের সাথে যোগাযোগ রক্ষা।

ii. শিক্ষার্থী আত্মহত্যা প্রচেষ্টার জন্য কোনো লক্ষণ প্রদর্শন করলে যথাযথ প্রতিরোধের পদক্ষেপ।

iii. SBMHP, হাসপাতাল, এবং মানসিক স্বাস্থ্য এজেন্সিসমূহের সাথে যোগাযোগ।

iv. শিক্ষার্থীকে স্কুল এবং অন্য মানসিক চাপ সৃষ্টিকারী বিষয়সমূহের সাথে মানিয়ে নেয়া।

v. প্রযোজ্য ক্ষেত্রে স্কুল প্রোগ্রামের সাথে মানানসইকরণ।

vi. স্কুল পরিষেবার সাথে বাইরের সহায়তার সহায়-সঙ্গতিগুলির সাথে সমন্বয় সাধন করা।

c) পিতামাতাকে পরিকল্পনার একটি কপি এবং মানসিক স্বাস্থ্য বিষয়ে পরবর্তিতে কী কী পদক্ষেপ নিতে হবে, সেগুলির সুপারিশ এবং 24-ঘণ্টা বিদ্যমান সংকট বিষয়ক সহায়-সঙ্গতির খোঁজ দিতে হবে।

d) শিক্ষার্থী আত্মহত্যা চেষ্টার উপায়ের লক্ষণ প্রকাশ করে থাকলে পিতামাতাকে অবশ্যই যথাযথ প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কিত তথ্য জানাতে হবে। এছাড়া, পিতামাতাকে "উপায় সীমিতরকরণ" (যেমন বিপজ্জনক অস্ত্র অথবা ওষুধ/ড্রাগ) নিয়ে পরামর্শ প্রদান

করতে হবে, যাতে শিক্ষার্থীর আত্মহত্যা প্রচেষ্টা কার্যকর করতে যেসব পথ আছে সেগুলির সীমিত হয়।

D. *আত্মহত্যার চেষ্টা:*

1. নিচের প্রক্রিয়াসমূহ ঐসব উদাহরণের ক্ষেত্রে প্রযোজ্য যেখানে একজন কর্মী সদস্যকে স্কুল প্রঙ্গণে কোনো প্রচেষ্টা চলছে সেটি জানানো হয়। যেখানে কর্মী স্কুলের বাইরের কোনো সাম্প্রতিক ঘটনার বিষয়ে অবহিত হন, প্রযোজ্য প্রক্রিয়ার জন্য নিচের সেকশন 3 দেখুন। শিক্ষার্থীর তাৎক্ষণিক শারীরিক ভালো-থাকা, মানসিক স্বাস্থ্য, এবং সুরক্ষা সর্বোচ্চ বিষয়।

a) তাৎক্ষণিক হস্তক্ষেপ ব্যবস্থা। কোনো আত্মহত্যা চেষ্টা চলছে, সেটি যখন একজন কর্মী সদস্য জানতে পারেন, তখন তাকে নিচের উল্লিখিত পদক্ষেপ অবশ্যই নিতে হবে:

i. শিক্ষার্থীটিকে অবশ্যই অব্যাহতভাবে তার সুরক্ষা নিশ্চিত করতে তত্ত্বাবধানে রাখতে হবে। শিক্ষার্থীকে অবশ্যই স্কুল থেকে সঙ্গীবিহীন অবস্থায় যেতে দেওয়া হবে না।

ii. স্টাফ সদস্য অবশ্যই প্রিন্সিপ্যাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তিকে অবহিত করবেন।

(a) একই সময়ে, প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই পিতামাতাকে এই খবরটি জানানোর (ফোনে, অথবা ফোনে অসফল হলে, টেক্সটে, ইমেইলে, বা ভয়েসমেইলে) সর্বতো চেষ্টা করবেন যে শিক্ষার্থীটি সংকটে রয়েছে। পিতামাতাদের সাথে যোগাযোগের সময় দোভাষী পরিষেবা সম্পর্কে জানতে চ্যান্সেলরের প্রবিধান A-663 দেখুন। যদি পিতামাতার সাথে যোগাযোগ করা না যায়, তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে জরুরি যোগাযোগের কার্ডে উল্লিখিত জরুরি যোগাযোগের ব্যক্তিদেরকে জানানোর চেষ্টা করতে হবে। শিক্ষার্থী প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে নিরাপত্তা উদ্বেগের বিষয়ে পিতামাতাকে অবহিতকরণের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করলে, প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর জন্য যথাযথ সহায়তা এবং গোপনীয়তা ও নিরাপত্তা বিবেচনা করে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কীভাবে সংবেদনশীলভাবে অবহিত করবেন, সেটা সিনিয়র ফিল্ড কাউন্সেলের সাথে আলোচনা করে নির্ধারণ করবেন।

iii. ক্রাইসিস টিমের সদস্য(গণ)-কে, বিশেষভাবে SPL-কে ঘটনাস্থলে ডাকতে হবে।

iv. শিক্ষার্থী যদি আহত হয়, কর্মী সদস্যকে নিশ্চিত করতে হবে যেন স্কুল নার্স অথবা বিল্ডিংয়ের অন্য কোনো চিকিৎসা প্রদান যোগ্য ব্যক্তির সাথে যোগাযোগের মাধ্যমে যথাযথ প্রাথমিক চিকিৎসা প্রক্রিয়া প্রদান করা হয়।

v. যদি জরুরি চিকিৎসার প্রয়োজন থাকে, সংকট টিমের একজন সদস্য অথবা যদি সংকট টিম সদস্যদের কাউকে পাওয়া না যায়, তাহলে কর্মী সদস্য অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-412 অনুযায়ী প্রক্রিয়াসমূহে আবশ্যিক জরুরি চিকিৎসা সহায়তার জন্য 911 নম্বরে যোগাযোগ করবেন।

(a) যদি পিতামাতা তার সন্তানকে হাসপাতালে না পাঠানোর জন্য অনুরোধ করেন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করবেন এবং চিকিৎসা সহায়তা প্রত্যাখ্যানের

ক্ষেত্রে FDNY-র নীতিমালা ও পদ্ধতি অনুসারে পিতামাতার অনুরোধ রক্ষা করা যায় কিনা সেই সিদ্ধান্ত নেবেন।

(b) যদি স্কুল প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থীর পিতামাতার সঙ্গে যোগাযোগে অসমর্থ হন, তাহলে ঘটনাস্থলে উপস্থিত 911 সাড়াদানকারীরা DOE কর্মচারী, পিতামাতা এবং যথোপযুক্ত অন্যান্য ব্যক্তি থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার পর, শিক্ষার্থীর জরুরি চিকিৎসা এবং/অথবা পরিবহন আবশ্যক কিনা তা নিরূপণ করবেন। যদি নিরূপিত হয় যে শিক্ষার্থীকে হাসপাতালে পাঠানো হবে, তাহলে স্কুল কর্মচারীকে অবশ্যই শিক্ষার্থীর সঙ্গে যেতে হবে। যদি স্কুল কর্মচারীর স্কুল দিবস শেষ হওয়ার আগে পিতামাতা না পৌঁছান, তাহলে পরবর্তী নির্দেশের জন্য কর্মী সদস্যকে অবশ্যই প্রিন্সিপ্যাল/ভারপ্রাপ্ত ব্যক্তির সঙ্গে যোগাযোগ করতে হবে।

vi. যদি নির্ধারিত হয় যে শিক্ষার্থীটির জরুরি চিকৎসা এবং/অথবা পরিবহনের আবশ্যিকতা নেই এবং আচরণ নিরসন হয়েছে, স্কুল কর্মীগণ এবং পিতামাতা যথাযথ পরবর্তী ধাপসমূহ আলোচনা করবেন।

b) হস্তক্ষেপ-পরবর্তী/ফলো-আপ (পরের ধাপ) প্রক্রিয়া।। আত্মহত্যার চেষ্টার পরে প্রিন্সিপালভারপ্রাপ্ত ব্যক্তি শিক্ষার্থী এবং পিতামাতার সহায়তায় নিচে উল্লিখিত পদক্ষেপ গ্রহণ করবেন। এই প্রক্রিয়াসমূহ প্রযোজ্য হয় যখন স্কুলে আত্মহত্যার চেষ্টা সংঘটিত হয় অথবা স্কুলে জানানো বাইরের যেকোনো সংঘটিত ঘটনা ঘটে।

i. শিক্ষার্থীটিকে অবশ্যই ঝুঁকি মূল্যায়নের ভিত্তিতে যথাযথ দ্রুত সহায়তা প্রদান এবং হস্তক্ষেপ ব্যবস্থা দিতে হবে। শিক্ষার্থীকে নিরাপদে স্কুলে ফেরাতে কতটুকু ঝুঁকি আছে, সেটা মুল্যায়ন করতে এবং যথাযথ হস্তক্ষেপ ও পরিষেবা প্রদান করতে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ক্রাইসিস টিমের সাথে কাজ করতে হবে।

ii. শিক্ষার্থী এবং পরিবারের সাথে যোগাযোগ রক্ষা।

iii. ক্রাইসিস টিমের SPL অথবা একজন সদস্য, যেমনটি উপযুক্ত সেই রকমভাবে. চলমান ভিত্তিতে SBMHP, হাসপাতাল, মানসিক স্বাস্থ্য এজেন্সি, অথবা বাইরের কোনো একটি চিকিৎসা প্রদানকারীর সাথে যোগাযোগ করবেন যাতে যেখানে যথাযথভাবে স্কুল সহায়তা পাওয়া যায়।

iv. শিক্ষার্থীকে স্কুল এবং অন্য মানসিক চাপ সৃষ্টিকারী বিষয়সমূহের সাথে মানিয়ে নেয়ায় সহায়তা প্রদান।

v. যেখানে প্রযোজ্য স্কুল প্রোগ্রামের সাথে মানানসইকরণ।

vi. স্কুলে ফিরে আসার পর, শিক্ষার্থীটি অবশ্যই যথাযথ শিক্ষানির্দেশনা লাভ অব্যাহত রাখবে।

vii. যদি ঘটনাটি বৃহত্তর স্কুল কমিউনিটির উপর প্রভাব সৃষ্টি করে, সংকট টিমটিকে ডাকা হবে কর্মী এবং শিক্ষার্থীদের পরিস্থিতি মোকাবেলায় সহায়তা দেবার জন্য।

viii. যেখানে কোনো শিক্ষার্থী আত্মহত্যার চেষ্টা বা সম্ভাব্য আত্মহত্যার লক্ষণ প্রদর্শন করে, স্কুল কর্মীগণের উচিৎ CSE -তে সুপারিশের কথা বিবেচনা করা অথবা একটি 504 মিটিংয়ের অনুরোধ জানানো। একটি 504 মিটিং

পরিচালনা কীভাবে করতে হয় সেসম্পর্কিত তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-710 দেখুন।

## VII. স্কুল কমিউনিটিতে কোনো আত্মহত্যা বা সেটি ক্ষতিগ্রস্ত হবার পরে পোস্টভেনশন (ঘটনা-পরবর্তী পদক্ষেপ)

A. প্রিন্সিপাল আত্মহত্যা সম্পর্কিত তথ্য সুপারিনটেনডেন্ট এবং EIC-কে জানাবেন।

B. স্কুল কমিউনিটিতে আত্মহত্যার ঘটনার পর গৃহীত হস্তক্ষেপ-ব্যবস্থা পোস্টভেনশন নামে পরিচিত। পোস্টভেনশনের লক্ষ্যগুলো হলো: 1) শোকাহত পরিবারের সদস্যদের যত্ন নেয়া, যত্নপ্রদানকারী, এবং স্বাস্থ্য যত্ন প্রদানকারীর ব্যবস্থা করা; 2) আত্মহত্যার বিয়োগান্ত পরিবারকে বিদ্বেষমূলকভাবে না দেখা এবং তাদের শোক কাটিয়ে ওঠার প্রক্রিয়া সহায়তা প্রদান, এবং 3) গভীর দুঃখবোধ, সংক্রমণ, সমাধানহীন ট্রমার কারণে আরও আত্মহত্যার ঝুঁকি হ্রাস।

1. মৃত্যুর কারণে ক্ষতিগ্রস্ত কর্মী এবং শিক্ষার্থীদের পরিচিতি এবং তাদের খোঁজ-খবর করার জন্য স্কুলগুলির অবশ্যই প্রক্রিয়াসমূহ থাকবে।

2. প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি স্কুল কমিউনিটির সুরক্ষা এবং ভালো-থাকার বিষয়গুলি নিশ্চিত করতে কী কী পদক্ষেপ নিতে হবে সেটি মূল্যায়নে ক্রাইসিস টিমের সাথে অবশ্যই সংশ্লিষ্ট হবেন। পরবর্তীতে যা হতে পারে তাতে অন্তর্ভুক্ত শোক-লাঘবে সহায়তা, মানসিক স্বাস্থ্য বা ট্রমার জন্য রেফারাল, এবং/অথবা আত্মহত্যার ঝুঁকি যাচাই।

3. শিক্ষার্থী এবং কর্মীদের অবশ্যই এমন একটি উপায়ে শোক পালনের সুযোগ থাকবে যা আত্মহত্যাকে মহিমান্বিত করে না এবং আত্মহত্যা সংক্রমণের ঝুঁকি হ্রাস করে।

a) মৃত্যু সম্পর্কিত তথ্য প্রদানে স্কুলগুলি যত্নশীল হবে এবং স্পর্শকাতরতাকে বিবেচনায় রাখবে। স্কুলকে তাদের স্কুল কমিউনিটিতে যেকোনো নোটিফিকেশন পাঠানোর আগে শিক্ষার্থী/কর্মী পরিবার থেকে মৃত্যু সম্পর্কিত তথ্য প্রকাশের জন্য অবশ্যই লিখিত সম্মতি নিতে হবে। এই যোগাযোগ অবশ্যই গোপনীয়তার শর্ত এবং পরিবারের ইচ্ছা বিবেচনায় নেবে।

4. স্কুলকে ক্রাইসিস সাপোর্ট-এ সহায়-সঙ্গতির জন্য সুপারিশ করা এবং/অথবা প্রশ্নোত্তরের জন্য অফিস অভ সেফটি অ্যান্ড ইউথ ডেভেলপমেন্ট-এ যোগাযোগ করআ উচিত।

C. আত্মহত্যা সংঘটিত হওয়ার পরপরই যথাশীঘ্র সকল স্কুলকর্মীর জন্য উন্মুক্ত একটি কর্মী সম্মেলন করা উচিত নিম্নোল্লিখিত বিষয় সম্পন্ন করার লক্ষ্যে:

1. আত্মহত্যাকে জড়িয়ে গুজব নিরসন।

2. ভিন্ন ভিন্ন ক্লাসরুম গ্রুপে (উন্মুক্ত আলোচনার অনুমোদন দিতে এবং অন্য ঝুঁকিতে থাকা শিক্ষার্থীদের পরিচিতি সহজীকরণ এবং আত্মহত্যা অনুকরণ এড়ানোর উদ্দেশ্যে) একটি পরিকল্পনা তৈরি করতে যা আত্মহত্যাজনিত ঘটনা মোকাবেলা করে।

3. শিক্ষার্থী, কর্মী, এবং পুরো স্কুল কমিউনিটির শোকের প্রতিক্রিয়া কীভাবে মোকাবেলা করা যায় সেটি আলোচনার উদ্দেশ্যে।

D. স্কুলের মানসিক স্বাস্থ্য কর্মীবৃন্দ, ক্রাইসিস টিম সদস্যগণ, এবং/অথবা কমিউনিটি-ভিত্তিক সংগঠনসমূহ শিক্ষার্থী এবং কর্মীদের সাথে ক্ষুদ্র গ্রুপে অধিবেশন পরিচালনা করবেন যাতে উদ্বেগ নিরসন হয় এবং এই ধরনের ঘটনার পরে উদ্ভূত অবস্থা মোকাবেলায় সহায়তা পাওয়া যায়।

E. প্রিন্সিপালের সাথে আলোচনাসাপেক্ষে, অব্যাহত সহায়তা পরিষেবার জন্য পরিবার সদস্যদের বাইরের সহায়-সঙ্গতিসমূহে সুপারিশ করুন।

## VIII. রিপোর্ট করার প্রক্রিয়া

A. ইমার্জেন্সী ইনফর্মেশন সেন্টার (জরুরি তথ্য কেন্দ্র, EIC)

1. স্কুল কমিউনিটিতে যখনই কোনো আত্মহত্যা বা আত্মহত্যার চেষ্টা বা আত্মহত্যাকে প্রভাবিত করে তেমন কোনো ঘটনা ঘটে ,তখন প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই ইমারজেন্সি ইনফরমেশন সেন্টারে (EIC) যোগাযোগ করবেন। প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই ডিরেক্টর অভ ক্রাইসিসের সাথে crisissupport@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করতে হবে।

2. যখন EIC একটি রিপোর্ট পাবে, তখন EIC অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)-এ অনলাইন অকারেন্স রিপোর্ট (OORS রিপোর্ট)-এর সূত্রপাত ঘটাবে। EIC স্কুলে একটি কন্ট্রোল নম্বর প্রদান করবে। এক স্কুল দিবসের মধ্যে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি অবশ্যই OORS প্রতিবেদন পর্যালোচনা, প্রযোজ্য হলে হালনাগাদ, এবং জমা করবেন।

3. যদি প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তি কোনো স্কুল সংক্রান্ত ঘটনা সম্পর্কে সচেতন হন যেটিকে অবশ্যই EIC-তে EIC-এর কাজের সময়ের পরে (যেমন সাপ্তাহিক কর্মদিবসে স্কুল ছুটির পর বা সপ্তাহান্তে কিংবা কোনো ছুটির দিন যখন স্কল অধিবেশন থাকে না), তাহলে প্রিন্সিপাল/ভারপ্রাপ্ত ব্যক্তিকে অবশ্যই অবিলম্বে ঘটনাটির প্রতিবেদন বরো সেফটি ডিরেক্টরকে জানাতে হবে এবং ঘটনাটি সম্পর্কে OSYD-এর তৈরি নমুনা ব্যবহার করে EIC-কে একটি ইমেইল দিতে হবে।

B. অনলাইনে ঘটনার রিপোর্টসমূহ

1. প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই এক স্কুল দিবসের মধ্যে আত্মহত্যার চিন্তা, চেষ্টা, অথবা সেটি ঘটার পর রিপোর্টটি অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS)-এ পূরণ করবেন। DOE OORS লিংকে প্রবেশ করা যাবে: OORS portal-এ

2. প্রিন্সিপাল/তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই দশ (10) দিনের মধ্যে একটি OORS ফলো-আপ রিপোর্ট তৈরি করবেন। প্রিন্সিপাল OORS রিপোর্ট তৈরিতে SPL-কে নিযুক্ত করতে পারেন।

## IX. কৌশলগত সহায়তা

এই প্রবিধানের উপর অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট কৌশলগত সহায়তা দিতে পারে, এর অন্তর্ভুক্ত আত্মহত্যা নিরোধ এবং হস্তক্ষেপ পরিকল্পনাসমূহ তৈরি, পেশাগত উন্নয়ন পরিচালনা, এবং আত্মহত্যা নিরোধ ও হস্তক্ষেপের উপর শিক্ষাবিষয়ক উপকরণ শনাক্তকরণ।

## X. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে:

Office of School and Youth Development
Suicide Prevention and Intervention
N.Y.C. Department of Education
52 Chambers Street - Room 218
New York, NY 10007
Telephone: 212-374-5501
E-mail: CrisisSupport@schools.nyc.gov